

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(এনডিআরসিসি)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২০২

তারিখঃ ০৪/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ আবহাওয়া অফিস থেকে প্রাপ্ত সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি এবং ভারী বর্ষণের সতর্কবাণীর প্রেক্ষিতে করণীয় প্রসংগে।

১। সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি (সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

গাজেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি সামান্য উত্তরদিকে সরে গিয়ে বর্তমানে পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বিহার এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। ভারী বর্ষণের সতর্কবাণী

পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বিহার এলাকায় একটি লঘুচাপ বিরাজ করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। এর ফলে আজ (০৪.০৭.২০১৬ খ্রিঃ) দুপুর ১২:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। অতি ভারী বৃষ্টির কারণে চট্টগ্রাম ও সিলেট বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া বিভাগ কর্তৃক উক্ত সতর্কতা জারীর প্রেক্ষিতে ‘দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলী’ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-
(মোঃ আমিনুল ইসলাম)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪০৪৫৪

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট।
০২। জেলা প্রশাসক (সকল), চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ।
০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ।

সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (দুর্যোগ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। মহা পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। এনপিডি, সিডিএমপি, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (ত্রাণ)/(দুর্যোগ)/(প্রশাসন)/(দুর্যোগপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৭। উপ-সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৮। পরিচালক, সিপিপি, মগবাজার, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।